


২৬/১১/২১

“খাদ্যবান্ধব ডিলার বিজ্ঞপ্তি”

এতদ্বারা সুন্দরগঞ্জ উপজেলার সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুন্দরগঞ্জ উপজেলার ৩নং তারাপুর ইউনিয়নের ০১ জন, ৪নং বেলকা ইউনিয়নের ০২ জন, ৫নং দহবন্দ ইউনিয়নের ০১ জন, ৯নং ছাপড়াহাটী ইউনিয়নের ০১ জন ও ১০নং শান্তিরাম ইউনিয়নের ০১ জন নিয়োজিত খাদ্যবান্ধব কর্মসূচী ডিলারশীপ প্রত্যাহার হওয়ায় তদন্থলে নতুন ডিলার নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন অগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অগ্রহী ব্যক্তি ও ব্যবসায়িকগণকে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি সুন্দরগঞ্জ বরাবর আবেদন করতে হবে। আবেদনের তারিখ ২২/১১/২০২১ হতে ৩০/১১/২০২১ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময় আবেদন করতে হবে। নিম্ন লিখিত কাগজপত্র সহ দরখাস্ত দাখিলের জন্য বলা হলো।
যা উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচী কমিটির অনুমোদন রয়েছে।

আবেদনকারীর যোগ্যতাঃ

- ১। সুন্দরগঞ্জ উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং কমপক্ষে ১৮ বছর বয়স হতে হবে।
- ২। ইউনিয়নের বড় হাট বা বাজারে নিজস্ব দোকানের ক্ষেত্রে জমির কাগজপত্র ও ভাড়া দোকানের ক্ষেত্রে তিনশত টাকার জুডিশিয়াল স্টাম্প এর ভাড়া সংক্রান্ত ভিট থাকতে হবে।
- ৩। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে, ১৫ মে:টন চাল/গম সংরক্ষণের উপযোগী ও খাদ্য শস্য নিরাপত্তা ব্যবস্থা রাখতে হবে।
- ৪। ইউনিয়ন পরিষদ কর্তৃক ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- ৫। আর্থিক সচ্ছলতার জন্য ব্যাংক গ্যারান্টি সনদ থাকতে হবে।
- ৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকা ভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত, আদালত কর্তৃক সাজা প্রাপ্ত, সরকারী কর্মচারী ও জনপ্রতিনিধি ডিলারশীপ নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না।
- ৭। নির্বাচিত ডিলারের নিকট থেকে ২০০০০(বিশ হাজার) টাকা পে অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত করতে হবে এবং ডিলারের নিকট হতে নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকা (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্টাম্পে অঞ্জীকারনামা(মডেল সংযুক্ত) নিতে হবে।
- ৮। আবেদন পত্রের সহিত পার্সপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদ থাকতে হবে।



(মোহাম্মদ-আল-মারুফ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।


স্মারক নং- উখানি/সুন্দর/গাই/৫৮০

তারিখ ২২/১১/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মাননীয় সংসদ সদস্য, ২৯ গাইবান্ধা-১।
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।
- ৬। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৭। উপজেলা কৃষি কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৯। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ১২। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। (ওয়েবসাইটে প্রচারের জন্য বিশেষভাবে জানানো হলো)।
- ১৩। ইউপি সচিব বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে দেওয়ার জন্য বলা হলো।
- ১৪। মোঃ মোশাররফ হোসেন বুলু, সভাপতি, উপজেলা প্রেসক্লাব, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ১৫। দপ্তর নথি।




মো: হাবিবুর রহমান
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।